



গাজীপুর সিটি কর্পোরেশন

নগর ভবন
প্রশাসন শাখা
www.gcc.gov.bd

স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১১.১৭৯.২০-১৫৭

তারিখ ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

অফিস আদেশ

জনাব মোঃ ইব্রাহীম খলিল, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) (চ. দা.), গাজীপুর সিটি কর্পোরেশন এঁর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত একটি মামলায় গত ৯ এপ্রিল ২০২৬ খ্রি. জামিনের শুনানিতে হাজিরা দিতে গেলে বিজ্ঞ মহানগর দায়রা জজ আদালত, গাজীপুর তাঁর জামিন আবেদন নামঞ্জুর করে তাঁকে গাজীপুর জেলা কারাগারে প্রেরণ করেন।

০২। এমতাবস্থায়, বর্ণিত কর্মচারীকে বি এস আর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-(২) এবং সরকারি চাকরি আইন ২০১৮ এর ধারা ৩৯ (২) অনুযায়ী ফৌজদারি অভিযোগে ক্ষেফতার হওয়ায় ক্ষেফতারের তারিখ অর্থাৎ ০৯ এপ্রিল ২০২৬ খ্রি. হতে তাঁকে গাজীপুর সিটি কর্পোরেশনের চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হ'ল।

০৩। বর্ণিত কর্মচারী প্রচলিত বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ

(মুহাম্মদ সানিউল কাদের)

সচিব (ভারপ্রাপ্ত)

টেলিফোনঃ ০২-৪৯২৭৩১১২

গাজীপুর সিটি কর্পোরেশন

স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১১.১৭৯.২০-১৫৭

তারিখ ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
০৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
০৪. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
০৭. জনাব মোঃ ইব্রাহীম খলিল, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) (চ. দা.), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
০৮. অফিস কপি

Sauad
০২.৪.২০২৬

সচিব (ভারপ্রাপ্ত)

গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর